

আজই আপনার COVID-19-এর সাম্প্রতিকতম বুস্টার এবং ফ্লু-এর টিকা নিয়ে নিন!

ফ্লু-এর টিকা এবং COVID-19-এর নতুন বুস্টার এখনই নেবার সুপারিশ করা হচ্ছে। ফ্লু-এর টিকা 6 মাস ও তার বেশি বয়সীদের জন্য উপলভ্য রয়েছে, এবং COVID-19-এর নতুন বুস্টার, যা ওমিক্রনের নতুন উপ-প্রকারগুলির জন্য তৈরি করা হয়েছে, 5 বছর এবং তার বেশি বয়সীদের জন্য উপলভ্য রয়েছে। আপনি যদি আপনার সর্বশেষ COVID-19 টিকার ডোজটি অন্তত দুই মাস আগে নিয়ে থাকেন, তাহলে বুস্টার ডোজটি নেবার এটাই সঠিক সময়।

আমি কি আমার ফ্লু-এর ইনজেকশন ও COVID-19-এর নতুন বুস্টার একই সময়ে নিতে পারি?

হ্যাঁ। আপনি এই দুটিকে একই সময়ে অথবা আলাদা-আলাদা সময়েও নিতে পারেন। জরুরি হল টিকা দুটি দ্রুত নিয়ে নেওয়া। এই শরতে ও শীতে COVID-19 এবং ফ্লু-এর ভাইরাস দুটির প্রাদুর্ভাব একই সময়ে দেখা যাবে। দুটি ইনজেকশনই আপনাকে চিকিৎসা নেবার ঝুঁকি তৈরি হওয়া থেকে বাঁচাতে পারে।

আমার যদি সম্প্রতি COVID-19 হয়ে গিয়ে থাকে, তাহলেও কি আমি COVID-19-এর বুস্টার নিতে পারি?

হ্যাঁ, কিন্তু COVID-19 হয়ে যাবার পর তিন মাস অপেক্ষা করার কথা মনে রাখবেন। আপনার বা আপনার কোন প্রিয়জনের যদি গুরুতর অসুস্থতা অথবা COVID-19 দ্বারা আক্রান্ত হবার উচ্চ ঝুঁকি থাকে, তাহলে আপনি তার আগেই এই বুস্টার নিয়ে নিতে পারেন। আপনার কোনো প্রশ্ন থাকলে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।

আপনার যদি একজন প্রদানকারী না থাকে, তাহলে পরিচর্যার সাথে সংযুক্ত হতে **311** এ কল করুন। অভিবাসন স্থিতি, বীমা বা অর্থ প্রদান করার ক্ষমতা নির্বিশেষে নিউ ইয়র্ক সিটিতে পরিচর্যা প্রদান করা হয়।

COVID-19-এর কোন বুস্টারটি আমার নেওয়া উচিত?

আপনি সাম্প্রতিকতম Pfizer বুস্টারটি নিতে পারেন (আপনার বয়স যদি 5 বছর বা তার বেশি হয়), অথবা আপনি সাম্প্রতিকতম Moderna বুস্টারটি নিতে পারেন (আপনার বয়স যদি 6 বছর বা তার বেশি হয়), আগে আপনি কোন ব্র্যান্ডের টিকা নিয়েছিলেন তা নির্বিশেষে।



আজই আপনার COVID-19-এর নতুন বুস্টার এবং ফ্লু-এর টিকা নিয়ে নিন! একটি টিকাকরণকেন্দ্র খুঁজে পেতে nyc.gov/vaccinefinder-এ যান বা 877-829-4692 নম্বরে কল করুন। আরও তথ্যের জন্য nyc.gov/health/covidvaccine অথবা nyc.gov/health/flu দেখুন।

NYC
Health